# আশার আলো ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ

নিবন্ধন নং-২৬৯/কে, তারিখ:-১৫/০১/২০১৯ খ্রিঃ

৮৩৯/৩৯, লোয়ার যশোর রোড, পো:- দৌলতপুর, দিঘলিয়া, খুলনা।

তারিখ:-০৩/০৫/২০২৬ খ্রি.

পত্র নং-

এতদ্বারা খুলনা জেলার দিঘলিয়া উপজেলাধীন আশার আলো ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর সকল সম্মানীত সদস্য এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সমিতির অন্তর্বর্তী ব্যবস্থাপনা কমিটির বিগত ০৭/০৪/২০২৬খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৮/০৬/২০২৬ খ্রি. তারিখ রোজ সোমবার সমিতির কার্যালয়ে সকাল ৯-০০ হতে বিকাল ৪-০০ টা পর্যন্ত বিশেষ সাধারণ সভার মাধ্যমে ব্যবস্থাপনা কমিটির নির্বাচন,২০২৬ উপলক্ষে ভোট গ্রহণ অনুষ্ঠিত হবে। নির্বাচন কমিটির ৩০/০৪/২০২৬ খ্রি. তারিখের সভার সিদ্ধান্ত মোতাবেক অদ্য ০৩/০৫/২০২৬ খ্রি.তারিখ সকল সদস্য ও সংশ্লিষ্ট সকলের জ্ঞাতার্থে নিম্নরূপভাবে নির্বাচনী তফসিল ঘোষণা করা হ'ল।

## "নির্বাচনী তফসিল,২০২৬"

| ক্রঃনং | বিবরণ | তারিখ | সময় | স্থান | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | মনোনয়ন পত্র বিতরণ। | ০৬/০৫/২০২৬ ও ০৭/০৫/২০২৬ | সকাল ১০.০০ হতে দুপুর ২.০০টা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ০২ | মনোনয়নপত্র জমাদানের তারিখ | ১১/০৫/২০২৬ | সকাল ১০.০০ হতে দুপুর ২.০০টা পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ০৩ | মনোনয়নপত্র বাছাই। | ১৩/০৫/২০২৬ | সকাল ১১.৩০ হতে শুরু | সমিতির কার্যালয় | প্রার্থী অথবা তার প্রতিনিধির উপস্থিতিতে নির্বাচন কমিটি মনোনয়ন পত্র বাছাই করবেন। |
| ০৪ | মনোনয়নপত্র বাছাই অন্তে প্রার্থীর খসড়া তালিকা প্রকাশ | ১৩/০৫/২০২৬ | মনোনয়নপত্র বাছাই শেষে | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ০৫ | মনোনয়নপত্র বাছাইয়ের খসড়া তালিকার বিরুদ্ধে বা প্রার্থীর বৈধতা সম্পর্কে সংক্ষুব্ধপক্ষের আপিল। | ১৪/০৫/২০২৬ ও ১৭/০৫/২০২৬ (দুই কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে। | জেলা সমবায় কার্যালয় ৩ পি সি রায় রোড খুলনা। | জেলা সমবায় কর্মকর্তা, খুলনা মহোদয় বরাবর |
| ০৬ | মনোনয়নপত্রের বিষয়ে আপীলের শুনানী গ্রহণ ও নিষ্পত্তি। | ১৯/০৫/২০২৬ ২০/০৫/২০২৬ ২১/০৫/২০২৬ (তিন কর্ম দিবস) | অফিস চলাকালীন সময়ে। | জেলা সমবায় কার্যালয় ৩ পি সি রায় রোড খুলনা। | জেলা সমবায় কর্মকর্তা খুলনা মহোদয় কর্তৃক |
| ০৭ | চুড়ান্তভাবে বৈধ প্রার্থীর তালিকা প্রকাশ। | ২৪/০৫/২০২৬ | সকাল ১১.০০ টা | সমিতির নোটিশ বোর্ড। | নির্বাচন কমিটি |
| ০৮ | প্রার্থীতা প্রত্যাহার | ২৫/০৫/২০২৬ | সকাল ১১.০০ হতে দুপুর ২.০০ পর্যন্ত | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ০৯ | প্রতীক বরাদ্দ | ২৫/০৫/২০২৬ | দুপুর ২.৩০ | সমিতির কার্যালয় | একাধিক প্রার্থী একই প্রতীক দাবীর ক্ষেত্রে লটারীর ধ্যমে বিষয়টি নিস্পত্তি করা হবে। |
| ১০ | চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশ | ২৫/০৫/২০২৬ | বিকাল ৩.০০ | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ১১ | ভোট গ্রহণ | ০৮/০৬/২০২৬ | সকাল ০৯.০০ হতে বিকাল ৪.০০ পর্যন্ত বিরতিহীনভাবে | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |
| ১২ | ফলাফল ঘোষণা | ০৮/০৬/২০২৬ | ভোট গণনা শেষে। | সমিতির কার্যালয় | নির্বাচন কমিটি |

নির্বাচনের প্রতীক সমূহ ঃ

ক) সভাপতি পদে :- চেয়ার/ছাতা/আনারস /হরিণ ।

খ) সহ-সভাপতি পদে- :- বই/কলস/কুলা/চশমা।

গ) সম্পাদক পদে- :- ফুটবল/গোলাপফুল/মোরগ/মই।

ঘ) কোষাধ্যক্ষ পদে :- তালাচাবি/ মাছ/ বাই সাইকেল/হাঁস

ঙ) সদস্য পদে - :- মোটর সাইকেল/ চাকা/ আম/মোরগ/কলস/হাতি/উড়োজাহাজ।

**ঃ নির্বাচন সম্পর্কে জ্ঞাতব্য বিষয় ঃ**

০১। নির্বাচন সমবায় সমিতি আইন,২০০১,(সংশোধন ২০০২ ও ২০১৩), সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধন,২০২০) এবং সংশ্লিষ্ট সমিতির নিবন্ধিত উপ- আইন মোতাবেক পরিচালিত হবে।

০২। ব্যবস্থপনা কমিটির সভাপতি পদে- ০১ জন, সহ-সভাপতি পদে- ০১ জন, সম্পাদক পদে -০১ জন, কোষ্যাক্ষি পদে-০১ জন এবং সদস্য পদে ০২ জন সহ মোট ০৬(ছয়)টি পদে নির্বাচন অনুষ্ঠিত হবে।

০৩। ব্যবস্থাপনা কমিটির সিদ্ধান্ত মোতাবেক নির্বাচনে আগ্রহী প্রত্যেককে সভাপতি পদের জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা, সহ-সভাপতি পদের জন্য ১,৫০০/-(এক হাজার পাঁচশত) টাকা, সম্পাদক পদের জন্য ২,০০০/-(দুই হাজার) টাকা, কোষাধ্যক্ষ পদের জন্য ১,০০০/-(এক হাজার) টাকা ও সদস্য পদের জন্য প্রতিটি ১,০০০/-(এক হাজার) টাকা অফেরতযোগ্য জামানত জমা দিয়ে রশিদ গ্রহন করতে হবে এবং মনোনয়ন পত্র দাখিলের সময় উক্ত রশিদের মূল কপি সংযুক্ত করতে হবে।

০৪। নির্বাচন কমিটি কর্তৃক ইস্যুকৃত মনোনয়নপত্র ব্যতীত ফটোকপি বা অন্য কোন উপায়ে সৃষ্ট মনোনয়ন পত্র গ্রহন করা হবে না।

০৫। মনোনয়ন পত্রের সাথে প্রার্থীর ০১(এক)কপি পাসপোর্ট সাইজের ছবি সমিতির সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত এবং জেলা সমবায় কর্মকর্তা, খুলনা অথবা উপজেলা সমবায় কর্মকর্তা,দিঘলিয়া, খুলনা কর্তৃক প্রতিস্বাক্ষর করে জমা দিতে হবে এবং বয়স প্রমানের জন্য মনোনয়ন পত্রের সাথে জাতীয় পরিচয় পত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

০৬। নির্বাচন কমিটি কর্তৃক নির্ধারিত মনোনয়ন ফরম যথাযথভাবে পূরণ করতঃ সভাপতি/সম্পাদক কর্তৃক সত্যায়িত হতে হবে এবং জেলা সমবায় কর্মকর্তা,খুলনা অথবা উপজেলা সমবায় কর্মকর্তা,দিঘলিয়া,খুলনা কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে।

০৭। মনোনয়নপত্র সভ্য রেজিস্টার অনুযায়ী যথাযথভাবে পূরণ করতে হবে। কোন অবস্থাতেই অস্পষ্ট, ঘসামাজা ও ফ্লুইড ব্যবহার কিম্বা মিথ্যা তথ্য সম্বলিত হলে সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত,২০২০) এর ২৮(১) বিধি অনুযায়ী মনোনয়ন পত্র বাতিল বলে গণ্য হবে ।

০৮। নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে ইচ্ছুক সকল প্রার্থীকে সমবায় সমিতি আইন,২০০১(সংশোধন, ২০০২ ও ২০১৩) এর ১৮(৮) ও ১৯ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা,২০০৪(সংশোধিত,২০২০) এর ২২(৪),২৪ ও ৮৮ বিধি ও সমিতির নিবন্ধিত উপ- আইন মোতাবেক যোগ্য হতে হবে।

০৯। মনোনয়ন পত্র বাছাই, প্রতীক বরাদ্দ ও অন্যান্য কর্মকান্ড চলাকালীন সময়ে প্রার্থী অথবা তাঁর প্রতিনিধি উপস্থিত থাকতে পারবেন ।

১০। একাধিক প্রার্থী একই প্রতীক দাবীর ক্ষেত্রে লটারির মাধ্যমে সিদ্ধান্ত গৃহীত হবে এবং প্রয়োজনে নির্বাচন কমিটি অতিরিক্ত প্রতীক বরাদ্দ করতে পারবে।

১১। চুড়ান্ত ভোটার তালিকায় অর্ন্তভূক্ত সদস্য ব্যাতিত কোন ব্যক্তি নির্বাচনে অংশগ্রহণ বা নির্বাচনে ভোট দিতে পারবেন না।

১২। কোন প্রার্থী একাধিক পদে প্রতিদ্বন্দ্বিতা বা মনোনয়ন পত্র দাখিল করতে পাবেন না। এক্ষেত্রে প্রার্থীর সকল মনোয়নপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। ব্যালট পেপারে এবং নির্বাচন কমিটি প্রদত্ত অন্যান্য কাগজ পত্রে প্রার্থীগণের নামের আদ্যাক্ষর অনুসারে নাম সন্নিবেশিত হবে এক্ষেত্রে মূল নাম বিবেচ্য হবে।

১৪। সমিতির সদস্য ব্যতীত অন্য কেউ নির্বাচনী এজেন্ট হতে পারবেন না।

১৫। কোন ব্যক্তি ভুয়া ভোটার হিসাবে প্রমানিত হলে তার বিরুদ্ধে তাৎক্ষনিক ভাবে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

১৬। সমিতিতে নিয়োজিত কোন কর্মচারী অত্র নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

১৭। দিঘলিয়া ইউনিয়ন বহুমুখী সমবায় সমিতি লিঃএর নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতাকারী প্রার্থীর জন্য পালনীয় নির্বাচনী আচরণবিধি এ সঙ্গে প্রেরণ করা হলো(সংযুক্ত-০১)। উক্ত আচরণবিধি মেনে চলার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

১৮। নির্বাচন পরিচালনার ক্ষেত্রে নির্বাচন কমিটির সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

১৯। নির্বাচন সংক্রান্ত বিষয়ে কারও কোন জিজ্ঞাসা থাকলে বা জানার প্রয়োজন হলে নির্বাচন কমিটির নিকট হতে অফিস চলাকালীন সময়ে জানা যাবে।

M. G. Toheed

(মোল্যা গোলাম তৌহিদ)
সদস্য
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৫
আশার আলো ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি
দিঘলিয়া, খুলনা।

(সোহেলা পারভীন)
সদস্য
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬
আশার আলো ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
দিঘলিয়া, খুলনা।

(সেখ মোহাম্মদ আলি)
সভপতি
ব্যবস্থাপনা কমিটির নির্বাচন/২০২৬
আশার আলো ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি
ও
সহকারী পরিদর্শক
উপজেলা সমবায় কার্যালয়
দিঘলিয়া, খুলনা।